

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

গুলফেশা প্লাজা (৭ম তলা), ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক

বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

www.mra.gov.bd

নম্বর: ৫৩.০৪.০০০০.০১০.৩৩.০০৮.২৪. ২০২৫

তারিখ: ১৯ কার্তিক ১৪৩১
০৪ নভেম্বর ২০২৪

গণ বিজ্ঞপ্তি

ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদের আবেদন গ্রহণ না করা প্রসঙ্গে

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ১৫(১) অনুযায়ী কোন প্রতিষ্ঠান কর্তৃক ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদ গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত আইনের আওতায় বিভিন্ন সময়ে এ পর্যন্ত প্রাপ্ত ৬,৬৪২টি আবেদন নির্ধারিত মানদণ্ডের নিরিখে যাচাই বাছাই করে ৮৯৮টি প্রতিষ্ঠানকে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদ প্রদান করা হয়েছে। পরবর্তীতে অথরিটির বিধি-বিধান ও নির্দেশনা পরিপালন না করায় বিদ্যমান বিধি-বিধান অনুসরণে ১৭৪টি প্রতিষ্ঠানের সনদ ইতোমধ্যে বাতিল করা হয়েছে। বর্তমানে এমআরএ'র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সংখ্যা ৭২৪টি যার তালিকা অথরিটির ওয়েবসাইটে (www.mra.gov.bd) আপলোড করা আছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ, গ্রাহক স্বার্থ সুরক্ষা, অঞ্চল ভিত্তিক প্রয়োজনীয়তার নিরিখে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সংখ্যার যৌক্তিকতা, প্রান্তিক জনগোষ্ঠীর জন্য আর্থিক সেবা নিশ্চিতকরণসহ সেক্টরের সার্বিক বিষয়াদী পর্যালোচনান্তে নতুন করে সনদ প্রদানের প্রয়োজনীয়তা আছে কিনা সে বিষয় নিরূপণে অথরিটির কার্যক্রম চলমান রয়েছে। এ প্রেক্ষিতে, অথরিটি কর্তৃক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার সনদের নতুন আবেদন গ্রহণ স্থগিত করা হলো।

উল্লেখ্য, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ৩৫(১)(ক) ও ধারা ৩৫(১)(খ) অনুযায়ী মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদ ব্যতীত বা অথরিটির সনদ বাতিলকৃত প্রতিষ্ঠান কর্তৃক ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা বা অনুরূপ কার্যক্রম অব্যাহত রাখা শাস্তিযোগ্য অপরাধ। এ প্রেক্ষিতে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদ ব্যতীত বেআইনী ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা হতে সম্পূর্ণরূপে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

